পশ্চিমবঙ্গ সরকার
সমষ্টি উন্নয়ন আধিকারিকের করণ
কুমারগঞ্জ উন্নয়ন ব্লক, দক্ষিন দিনাজপুর

পত্রাঙ্ক নং ১১১৯ তারিখ - ২৪/০৩/২০১৫

বিজ্ঞপ্তি

এতদ্বারা কুমারগঞ্জ ব্লক প্রশাসনের পক্ষ থেকে কুমারগঞ্জ ব্লকের অন্তর্গত ১৮ থেকে ৩৫ বছর বয়সী অন্তত ৮ম শ্রেনী উত্তীর্ন নূন্যতম ৫ ফুট ৬ ইঞ্চি উচ্চতা সম্পন্ন বেকার যুবকদের এই মর্মে অবগত করানো হচ্ছে যে পশ্চিমবঙ্গ সরকারের কারিগরি শিক্ষা ও প্রশিক্ষন দপ্তরের উদ্যোগে পশ্চিমবঙ্গের যুব সম্প্রদায়ের কর্মসংস্থানের লক্ষ্যে ক্যাপসি নামক সংস্থার সহযোগীতায় OPTAAMAZE corporate solution pvt. Ltd. এর উদ্যোগে বালুরঘাটের মাহিনগরে অবস্থিত সংস্থার অফিসে নিরাপত্তা রক্ষী এবং অগ্নি নির্বাপক প্রহরী (Security-cum-Fire Guard) পদের জন্য ৪৫ দিনের সম্পূর্ন আবাসিক প্রশিক্ষন প্রদান করা হবে এবং প্রশিক্ষন শেষে ক্যাপসি এবং OPTAAMAZE Corporate Solusion Pvt. Ltd. কর্তৃপক্ষের চূড়ান্ত সিদ্ধান্ত অনুসারে উপযুক্ত প্রশিক্ষন প্রাপ্তদের কর্মসংস্থানের সুযোগও রয়েছে এবং এজন্য প্রশিক্ষনের ভর্ত্তির সময় Course fee বাবদ ৩০০০/- টাকা সংস্থার অফিসে জমা দিতে হবে।

এই মর্মে উপরোক্ত প্রশিক্ষনে যোগ দিতে ইচ্ছুক প্রার্থীদের মধ্যে বাছাই করে উপযুক্ত প্রার্থীদের শনাক্ত করনের জন্য এই মর্মে মাননীয় জেলা শাসক, দক্ষিন দিনাজপুর মহাশয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত বিগত ০৪/০৩/২০১৫ তারিখে জেলা স্তরীয় বৈঠকে গৃহিত সিদ্ধান্ত অনুসারে স্থির হয়েছে যে, আগামী ১লা এপ্রিল, ২রা এপ্রিল কুমারগঞ্জ ব্লকের আত্রেয়ী ব্রীজ সংলগ্ন গোপালগঞ্জ ফুটবল মাঠে বেলা ১০টা থেকে নিম্নোক্ত সূচী অনুসারে উপরোক্ত বেসরকারী যে সংস্থা কর্তৃক বিশেষ নথিভুক্তি ক্যাম্প আয়োজন করে প্রার্থীদের শারীরিক মাপযোগ এর শারীরিক দক্ষতার পরীক্ষা নিয়ে যোগ্য প্রার্থীদের নির্বাচন করা হবে।

তারিখ	ঐদিন কোন কোন গ্রাম পঞ্চায়েতের প্রার্থীদের নির্বাচন করা হবে।
০১/০৪/২০১৫(সকাল ১০টা থেকে)	সাফানগর, সমজিয়া, জাখিরপুর, রামকৃষ্ণপুর
০২/০৫/২০১৫ (সকাল ১০ টা থেকে)	ভোঁওড়, দিওড়, মোহনা, বটুন

সুতরাং উপরোক্ত বিষয়ে আগ্রহী প্রার্থীদের নিজ নিজ গ্রাম পঞ্চায়েতের জন্য ধার্য্য শিবিরের দিনটিতে সকাল ১০টার মধ্যে অবশ্যই গোপালগঞ্জ ফুটবল মাঠে নিম্নোক্ত নথিপত্র গুলি original এবং প্রত্যেকটির একটি করে Attested Xerox copy সহ উপস্থিত থাকতে হবে।

১) গ্রাম পঞ্চায়েতের স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমানপত্র হিসাবে প্রার্থীর নিজের Voter Card এবং Ration Card এর Original copy

২) বয়সের প্রমান পত্র হিসাবে প্রার্থীর মাধ্যমিক পরীক্ষার Admit Card/ Voter Card/ বিদ্যালয় পরিত্যাগের সার্টিফিকেট।

৩) নিজের ২ কপি পাসপোর্ট সাইজের ছবি।

উপরোক্ত বিষয়টি ব্যাপক প্রচারের জন্য এই পত্রের সঙ্গে পর্যাপ্ত সংখ্যক Leaflet এর কপি কুমারগঞ্জ ব্লকের অন্তর্গত সমস্ত গ্রাম পঞ্চায়েত কার্য্যালয়ে এবং অন্যান্য গুরুত্বপূর্ন সরকারি অফিস যেমন CDPO Office, কুমারগঞ্জ গ্রামীন হাসপাতাল, কুমারগঞ্জ থানা, BL&LRO Office প্রভৃতিতে প্রেরন করা হল এবং একই সঙ্গে গ্রাম পঞ্চায়েত প্রধানদের এবং পঞ্চায়েত সমিতির নির্বাচিত সদস্য এবং সদস্যা গণকে নিজ নিজ এলাকায় বেকার যুবকদের মধ্যে উপরোক্ত বিষয়টি বহুল প্রচার করার জন্য অনুরোধ করা হচ্ছে।

একই সঙ্গে আগামী ১লা এবং ২রা এপ্রিল সকাল ১০টা থেকে গোপালগঞ্জ ফুটবল মাঠে উপরোক্ত শিবির আয়োজন উপলক্ষ্যে বিপুল সংখ্যক জন সমাগমের কথা মাথায় রেখে ঐ ২দিনের জন্য গোপালগঞ্জ ফুটবল মাঠ এবং তার সন্নিহিত এলাকায় আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার উদ্দেশ্যে ঐ ২দিন সকাল ১০টা থেকে শিবির চলা কালীন পুরো সময়ের জন্য পর্যাপ্ত সংখ্যক পুলিশ বাহিনী মোতায়েন করার জন্য ব্লক প্রশাসনের পক্ষ থেকে কুমারগঞ্জ থানায় মাননীয় ভারপ্রাপ্ত আধিকারিক মহাশয়কে অনুরোধ করা হচ্ছে।

একই সঙ্গে মাননীয় জেলা শাসক, দক্ষিন দিনাজপুর মহাশয়ের আদেশ ক্রমে উপরোক্ত ২দিন গোপালগঞ্জ ফুটবল মাঠে আয়োজিত শিবিরে নিম্নস্বাক্ষরকারীর পক্ষ থেকে Observer হিসাবে নিযুক্ত থাকবেন শ্রী মৃত্যুঞ্জয় মন্ডল, সমিতি শিক্ষা আধিকারিক, কুমারগঞ্জ পঞ্চায়েত সমিতি (মোবাইল নং- ৭৫৭৪৯৪৫০৬০) এবং তিনি এই মর্মে OPTAAMAZE Corporate Solution Pvt. Ltd. এর সঙ্গে প্রয়োজনীয় Liasionবজায় রাখবেন।

সমষ্টি উন্নয়ন আধিকারিক
কুমারগঞ্জ , দক্ষিন দিনাজপুর

পত্রাঙ্ক নং ১১১৯/১(৪০) তারিখ - ২৪/০৩/২০১৫

পত্রের প্রতিলিপি প্রয়োজনীয় অবগতি এবং উপরোক্ত বিষয়টির বহুল প্রচারের উদ্দেশ্যে প্রেরিত হলঃ-

১। মাননীয়া বিধায়িকা, ৩৮-কুমারগঞ্জ বিধানসভা নির্বাচন ক্ষেত্র।
২। মাননীয়া সভাপতি, কুমারগঞ্জ পঞ্চায়েত সমিতি।
৩। মাননীয় সহকারি সভাপতি, কুমারগঞ্জ পঞ্চায়েত সমিতি।
৪। মাননীয় বিরোধী দলনেতা, কুমারগঞ্জ পঞ্চায়েত সমিতি।
৫-১৩। মাননীয়/ মাননীয়া কর্মাধ্যক্ষ/ কর্মাধ্যক্ষা, ... স্থায়ী সমিতি, কুমারগঞ্জ পঞ্চায়েত সমিতি।
১৪-২৪। শ্রী/ শ্রীমতি .... সদস্য/ সদস্যা, কুমারগঞ্জ পঞ্চায়েত সমিতি।
২৫। মাননীয়া শিশু বিকাশ প্রকল্প আধিকারিক, কুমারগঞ্জ ICDS প্রকল্প।
২৬। মাননীয় সমষ্টি স্বাস্থ্য আধিকারিক, কুমারগঞ্জ গ্রামীন হাসপাতাল।
২৭। মাননীয় সহ-কৃষি অধিকর্তা (প্রশাসনিক), কুমারগঞ্জ উন্নয়ন ব্লক, দক্ষিন দিনাজপুর।
২৮-২৯। মাননীয় অবর বিদ্যালয় পরিদর্শক, কুমারগঞ্জ সদর/ উত্তর চক্র।
৩১। মাননীয় ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, কুমারগঞ্জ উন্নয়ন ব্লক, দক্ষিন দিনাজপুর।
৩২-৩৯। মাননীয়/ মাননীয়া প্রধান, ... গ্রাম পঞ্চায়েত।
৪০। শ্রী সত্যেন্দ্রনাথ বৈশ্যমালী, ঢাকী, অনগ্রসর সম্প্রদায় উন্নয়ন বিভাগ, কুমারগঞ্জ উন্নয়ন ব্লক। তাকে উপরোক্ত বিষয়টি ঢাক পিটিয়ে এলাকার সমস্ত গুরুত্বপুর্ন বাজার এবং হাটে বহুল প্রচার করার জন্য বলা হচ্ছে।

সমষ্টি উন্নয়ন আধিকারিক
কুমারগঞ্জ , দক্ষিন দিনাজপুর

পত্রাঙ্ক নং ১১১৯/১(৬) তারিখ - ২৪/০৩/২০১৫

পত্রের প্রতিলিপি প্রয়োজনীয় অবগতির জন্য প্রেরিত হলঃ-

১। মাননীয় জেলা শাষক, দক্ষিন দিনাজপুর।
২) মাননীয় মহকুমা শাসক, বালুরঘাট(সদর), দক্ষিন দিনাজপুর।
৩। মাননীয় DIO, NIC, বালুরঘাট, দক্ষিন দিনাজপুর। তাকে উপরোক্ত বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের উদ্দেশ্যে জালার সরকারী NIC website এ upload করতে অনুরোধ করা হচ্ছে।
৪। মাননীয় ভারপ্রাপ্ত আধিকারিক (শিক্ষা), দক্ষিন দিনাজপুর।
৫-৬। ব্লক/ পঞ্চায়েত সমিতি অফিস নোটিশ বোর্ড।

সমষ্টি উন্নয়ন আধিকারিক
কুমারগঞ্জ , দক্ষিন দিনাজপুর